# এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির
# ৬ষ্ঠ সভার কার্যবিবরণী
# ২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৬ষ্ঠ (ষষ্ঠ) সভা গত ২৯ জুন ২০২০ তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | এ জেড এম সাখাওয়াত হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | আহ্বায়ক |
| ২. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (কর্মসূচী বাস্তবায়ন ও মান উন্নয়ন) | সদস্য |
| ৩. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৪. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ৫. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৬. | মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক (এমইঅ্যান্ডএল) | সদস্য |
| ৭. | ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |

সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব তোয়ারিক্ক ইকবাল, ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)।

## সভার আলোচ্যসূচী:

১. ০৭/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ।
৩. শ্রেণি বিন্যাসকরণ নথি বিনষ্টকরণ।
৪. এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের অধীনে প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন।
৫. এসডিএফ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ।
6. কোভিড-১৯ (COVID-19) অতিমারি সংকটে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।
৭. বিবিধ।

## আলোচ্যসূচী-১ :

০৭/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

### আলোচনার সারসংক্ষেপ:

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন গত ০৭ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ ২০২০ সনের ০৭ জুন এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের অবহিত করেন।

## সিদ্ধান্তঃ

০৭/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়।

## আলোচ্যসূচী-২ :

সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ।

### আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ বিষয়ে করণীয় সম্পর্কে উপস্থিত সকলের মতামত জানতে এবং বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

## সিদ্ধান্তঃ

সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি বিন্যাসকরণ বিষয়ে প্রশিক্ষণের জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহার সাথে যোগাযোগের মাধ্যমে সুশাসন ও জবাবদিহিতা বিভাগ এক দিনের ভার্চুয়াল/অনলাইন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে।

## আলোচ্যসূচী-৩ :

নথি বিনষ্টকরণ।

### আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি বিনষ্টকরণ বিষয়ে করণীয় সম্পর্কে উপস্থিত সকলের মতামত জানতে এবং বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

**সিদ্ধান্তঃ**

সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি বিনষ্টকরণ বিষয়ে প্রশিক্ষণের জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহার সাথে যোগাযোগের মাধ্যমে সুশাসন ও জবাবদিহিতা বিভাগ এক দিনের ভার্চুয়াল/অনলাইন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। উল্লেখ্য যে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ ও বিনষ্টকরণ উভয় বিষয়ের ভার্চুয়াল/অনলাইন প্রশিক্ষণ একই দিন অনুষ্ঠিত হবে।

## আলোচ্যসূচী-৪:

এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের অধীনে প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন।

**আলোচনার সারসংক্ষেপঃ**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের সাথে আলোচনা করেন । সকলের মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের অধীনে প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজনের বিষয়টি কোভিড-১৯ (COVID-19) অতিমারি সংকট উত্তরণ সাপেক্ষে পরিস্থিতি স্বাভাবিক হওয়া মাত্র পুনরায় শুরু করা হবে।

## আলোচ্যসূচী-৫:

এসডিএফ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ।

**আলোচনার সারসংক্ষেপঃ**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের সাথে বিস্তারিত আলোচনা করেন । সকলের মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

এসডিএফ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিয়মিতভাবে অর্থ বরাদ্দ করা হচ্ছে এবং ভবিষ্যতেও তা অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ করা হবে।

**আলোচ্যসূচী-৬ঃ**

কোভিড-১৯ (COVID-19) অতিমারি সংকটে স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত।

**আলোচনার সারসংক্ষেপঃ**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের সাথে বিস্তারিত আলোচনা করেন । সকলের মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

আজকের সভার সভাপতি কোভিড-১৯ (COVID-19) অতিমারি সংকটে সর্বাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতা তৈরী করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। এসডিএফ এর কোন কর্মকর্তা/কর্মচারী এ ভাইরাসে আক্রান্ত হলে কোন স্বনামধন্য হাসপাতালের সাথে প্রাতিষ্ঠানিকভাবে সহযোগিতা চুক্তির সম্ভাব্যতার বিষয়টি খতিয়ে দেখার জন্য সভার সভাপতি ও ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন, জনাব মোঃ ইশতিয়াক মাহমুদ, মহাব্যবস্থাপক, সুশাসন ও জবাবদিহিতা কে অনুরোধ করেন।

আলোচ্যসূচীর বিবিধ অংশে আর কোন বিষয় না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**এ জেড এম সাখাওয়াত হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি